গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(এপিএ সেল)
www.rdcd.gov.bd

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৭.১৯.১২

তারিখ : ২৯ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ।
১৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন ২য় কোর্যার্টার ( অক্টোবর,২০১৯-ডিসেম্বর,২০১৯) প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২য় কোয়ার্টার (অক্টোবর, ২০১৯-ডিসেম্বর ২০১৯) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০৪ পাতা।

১৩/০১/২০২০
(নাহরিন সুলতানা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৯
e-mail: apa.rdcd@gmail.com

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ।
(দৃ: আ: উপসচিব, সুশাসন অধিশাখা)।

অনুলিপি :-

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
০৩। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৪। অফিস কপি।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

## সিটিজেন চার্টার পরিবীক্ষণ প্রতিবেদন (অক্টোবর, ২০১৯- ডিসেম্বর, ২০১৯)

প্রাতিষ্ঠানিক সেবা:

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | বিভিন্ন পল্লী উন্নয়ন প্রকল্পে নিয়োজিত বিদেশী নাগরিকদের ভিসার মেয়াদ বৃদ্ধি এবং নিরাপত্তা বিষয়ক ছাড়পত্র প্রদান | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রস্তাব পাওয়া সাপেক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ পূর্বক ভিসার মেয়াদ বৃদ্ধি এবং নিরাপত্তার ছাড়পত্র এ বিভাগ হতে প্রদান করা হয়ে থাকে। | বর্তমানে এ বিভাগের কোন প্রকল্পে বিদেশী নাগরিক কর্মরত নেই। তাই এ সেবা প্রদান করা হচ্ছে না। |
| ২ | জাতীয় সমবায় পুরস্কার মনোনয়ন ও প্রদান | ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটির নিকট যথাসময়ে ছক প্রেরণ করবে।<br>খ) উপজেলা কমিটি কর্তৃক শ্রেষ্ঠ সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীর নাম পর্যায়ক্রমে জেলা এবং বিভাগীয় কমিটি কর্তৃক বাছাইয়ের পর জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্তভাবে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ সমবায়ি/ সমিতি চূড়ান্তভাবে নির্বাচন করা হয়ে থাকে।<br>গ) জাতীয় কমিটি বিশেষ বিবেচনায়, অধিকতর তথ্য ও অনুসন্ধানের ভিত্তিতে বিভাগীয় কমিটি হতে প্রাপ্ত মনোনয়ন সংশোধনপূর্বক উপর্যুক্ত সমিতি বা সমবায়ীকে যে কোন ক্ষেত্রে পুরস্কারের জন্য মনোনীত করতে পারবে। | গত ০২.১১.২০১৯ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে জাতীয় সমবায় পুরস্কার ২০১৮ প্রদান করা হয়েছে। |
| ৩ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পল্লী উন্নয়ন একাডেমী, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী এর পদ সৃজন | সংশ্লিষ্ট দপ্তর /সংস্থার পদ সৃজন সংক্রান্ত পত্র পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদনের পর বিদ্যমান বিধি/ বিধান অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সম্মতি গ্রহণ করার পর প্রস্তাবিত পদের বেতন স্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে যাচাই করা হয়। প্রশাসনিক উন্নয়ন কমিটির সুপারিশের ভিত্তিতে প্রযোজ্যক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | প্রতিষ্ঠান-১ শাখা থেকে বার্ড, আরডিএ এবং বাপার্ড এর পদ সৃজন সেবাটি বিধি-বিধান অনুসরণপূর্বক জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের পর বেতনস্কেল যাচাই করে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের ভিত্তিতে প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে মঞ্জুরি আদেশ জারি হয়। |

13.01.2020
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division

২০.০১.২০২০

সিদ্ধার্থ শংকর কুন্ডু
উপসচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | | |
| ৪ | জাতীয় পল্লী উন্নয়ন পদক মনোনয়ন ও প্রদান | ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটির নিকট যথাসময়ে ছক প্রেরণ করবে।<br>খ) উপজেলা কমিটি কর্তৃক বিভিন্ন শ্রেণী হতে শ্রেষ্ঠ অবস্থান বাছাই করে পর্যায়ক্রমে জেলা এবং বিভাগীয় কমিটি কর্তৃক বাছাইয়ের পর জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্তভাবে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি/ প্রতিষ্ঠানকে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়ে থাকে।<br>গ) জাতীয় পর্যায়ে পদকপ্রাপ্ত শ্রেষ্ঠ ব্যক্তি/ প্রতিষ্ঠান একবারই পদকের জন্য মনোনীত হবেন। | পল্লী উন্নয়নে বিশেষভাবে অবদানের স্বীকৃতি স্বরুপ ২০১২ সালে "জাতীয় পল্লী উন্নয়ন পদক" প্রবর্তন করা হয়েছে। যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক ১০টি ক্যাটাগরীতে ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি এ পদকের জন্য নির্বাচিত করা হয়। বিগত ১৫/৫/২০১৯ খ্রি: তারিখে ২০১৪-২০১৭ পর্যন্ত এ পদক প্রদানের জন্য জাতীয় কমিটির সভায় প্রার্থী নির্বাচন চূড়ান্ত করা হয়েছে। দরপত্র সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৮ সনের জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের জন্য প্রস্তুতকৃত স্বর্ণপদকসমূহের খাঁটিত্ব পরীক্ষাকরণের জন্য একটি কমিটি গঠন করার কার্যক্রম চলমান রয়েছে।<br><br>২০১২ খ্রি: হতে ২০১৭ খ্রি: পর্যন্ত জাতীয় পল্লী উন্নয়ন পদক বিতরণের জন্য স্বর্ণ পদক প্রস্তুতপূর্বক বাংলাদেশ সমবায় ব্যাংকের ভল্টে জমা রাখা হয়েছে। প্রয়োজনীয় বাজেট সংস্থান না থাকায় উক্ত স্বর্ণ পদকসমূহ অদ্যবধি বিতরণ করা হয়নি। মহাপারিচালক, বিআরডিবি জানিয়েছেন, উক্ত স্বর্ণ পদক বিতরণ অনুষ্ঠান আয়োজনের জন্য ৯০ (লক্ষ) টাকা পাওয়া গেছে। পদক বিতরণ অনুষ্ঠান আয়োজনের জন্য ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। |

Ankhi 13.01.2020
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division
Ministry of Local Govt. Rural Development & Co-operatives

২৩.০১.২০২০

সিদ্ধার্থ শংকর কুন্ডু
উপসচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অভ্যন্তরীণ সেবা:

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | চিত্ত বিনোদন ছুটি | আবেদন পাওয়ার পর চিত্ত বিনোদনভাতা বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | চিত্ত বিনোদনভাতা বিধিমালা, ১৯৭৯ এর আবেদনসমূহ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যথাসময়ে নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হচ্ছে। উল্লেখ্য যে, অক্টোবর, ২০১৯ হতে ডিসেম্বর,২০১৯ পর্যন্ত ০৯ (নয়) জন কর্মচারী চিত্ত বিনোদন ছুটি মঞ্জুর সরকারি আদেশ জারি করা হয়েছে। |
| ২ | অর্জিত ছুটি | আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি করা হচ্ছে। উল্লেখ্য অক্টোবর, ২০১৯ হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ০২(দুই) জন কর্মকর্তা/কর্মচারী অর্জিত ছুটি মঞ্জুরের সরকারি আদেশ জারি করা হয়েছে। |
| ৩ | অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) | আবেদন পাওয়ার পর<br>(ক) নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়।<br>(খ) সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি ও আনুষঙ্গিক নির্দেশনা অনুসরণীয় | সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি ও আনুষঙ্গিক নির্দেশনা অনুসরণ করে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি করা হচ্ছে। উল্লেখ্য অক্টোবর, ২০১৯ হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ০২(দুই) জন কর্মকর্তা অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) সরকারি আদেশ জারি করা হয়েছে। |
| ৪ | সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি | আবেদন পাওয়ার পর সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) সরকারি আদেশ জারি করা হয়। | সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি করা হচ্ছে। উল্লেখ্য অক্টোবর, ২০১৯ হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ০২ (দুই) জন কর্মকর্তা/কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি সরকারি আদেশ জারি করা হয়েছে। |

13.01.2020
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division
Ministry of Local Govt. Rural Development & Co-operatives

১৩.০১.২০২০

সিদ্ধার্থ শংকর কুন্ডু
উপসচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পদ সৃজন | বিদ্যমান বিধি/ বিধান অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করার পর প্রস্তাবিত পদের বেতন স্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে যাচাই করা হয়। প্রশাসনিক উন্নয়ন কমিটির সুপারিশের ভিত্তিতে প্রযোজ্যক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পদ সৃজন সেবাটি বিধা-বিধান অনুসরণপূর্বক জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের পর বেতনস্কেল যাচাই করে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের ভিত্তিতে প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে মঞ্জুরি আদেশ জারি করা হয়। |

13.01.2020
Afreen Mohammad Ankhi
Programmer
Rural Development & Co-operative Division
Ministry of Local Govt. Rural Development & Co-operatives

২৩.০১.2020

সিদ্ধার্থ শংকর কুন্ডু
উপসচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।